

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পশ্চিম ইউরোপ ও ইউরোপিয়ান ইউনিয়ন শাখা
www.mofa.gov.bd

নং : ১৯.০০.০০০০.৪৫৬.৩৩.২১২.১৭/৪৫৮

১৫ অক্টোবর ২০১৮

প্রেরক : আহমেদ তন্ময় তাহসিন রাতুল
সহকারী সচিব (পশ্চিম ইউরোপ ও ইউ-২)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : জনাব মোহাম্মদ নুরে-আলম
পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ১৯-২০ অক্টোবর ২০১৮ তারিখে ডেনমার্কের কোপেনহেগেন-এ অনুষ্ঠিতব্য Partnering for Green Growth and the Global Goals 2030 (P4G) সম্মেলনে মাননীয় পররাষ্ট্র মন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অনশগ্রহণের নিমিত্ত জনাব মোহাম্মদ নুরে-আলম, পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে আগামী ১৯-২০ অক্টোবর ২০১৮ তারিখে ডেনমার্কের কোপেনহেগেন-এ অনুষ্ঠিতব্য Partnering for Green Growth and the Global Goals 2030 (P4G) সম্মেলনে মাননীয় পররাষ্ট্র মন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের নিমিত্ত কোপেনহেগেন ভ্রমণের জন্য আপনার অনুকূলে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছে।

২। উল্লিখিত সরকারি সফরের জন্য আপনি ১৮ অক্টোবর ২০১৮ অথবা এর নিকটবর্তী সময়ে কোপেনহেগেন - এর উদ্দেশ্যে বেলজিয়ামের ব্রাসেলস্ - এ অনুষ্ঠিতব্য 12th ASEM Summit সমাপনাতে ব্রাসেলস্ ত্যাগ করবেন এবং ২১ অক্টোবর ২০১৮ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকা - এর উদ্দেশ্যে কোপেনহেগেন ত্যাগ করবেন।

৩। সফরকালীন আপনি সরকারি কাজে কর্তব্যরত আছেন বলে গণ্য হবে এবং আপনার বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না। উক্ত ভ্রমণ সংশ্লিষ্ট ব্যয় (আবাসন, কোপেনহেগেনে অভ্যন্তরীণ ভ্রমণ) আয়োজক কর্তৃক বহন করা হবে। বিধি মোতাবেক আপনি বিমানভাড়া এবং অন্যান্য আনুষঙ্গিক ভাতাদি পররাষ্ট্র মন্ত্রণালয় - এর ২০১৮-১৯ অর্থবছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত (অর্থনৈতিক কোড ১১৮০১০১১০৪১২৫-৩২৪২১০১) হতে প্রাপ্য হবেন। অনুমোদিত ভ্রমণের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করতে পারবেন না।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,

আহমেদ তন্ময় তাহসিন রাতুল
সহকারী সচিব (পশ্চিম ইউরোপ ও ইউ-২)

নং : ১৯.০০.০০০০.৪৫৬.৩৩.২১২.১৭/৪৫৮

১৫ অক্টোবর ২০১৮

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (প্রশাসন/ পশ্চিম ইউরোপ ও ইউ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (এফএমও/ এসএমও/ সংস্থাপন/ অর্থ/ রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর)/পশ্চিম ইউরোপ ও ইউ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন(৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/ বাজেট/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। বাংলাদেশ দূতাবাস, কোপেনহেগেন, ডেনমার্ক।
- ৮। অফিস কপি।

আহমেদ তন্ময় তাহসিন রাতুল
সহকারী সচিব (পশ্চিম ইউরোপ ও ইউ-২)